# রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ে গুচ্ছের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

**নিজস্ব সংবাদদাতা, শাহজাদপুর, সিরাজগঞ্জ** ॥ রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের গুচ্ছভুক্ত (জিএসটি) মানবিক বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বেলা ১১ থেকে ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে সিরাজগঞ্জের শাহজাদপুরে ইব্রাহিম পাইলট বালিকা উচ্চবিদ্যালয় এবং সরকারি মডেল পাইলট উচ্চবিদ্যালয়ের ২টি ভেন্যুতে পরীক্ষা অনুষ্ঠিত হয়। উপস্থিতির হার ছিল ৯৪.১৬ শতাংশ। ভর্তি পরীক্ষার্থীদের সার্বিক সহযোগিতায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী, বিভিন্ন ছাত্র সংগঠন ও ক্লাব নিয়োজিত ছিল। এছাড়াও যেকোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিম, পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনী এবং বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল টিম নিয়োজিত ছিল।

দেশের বিভিন্ন প্রান্ত থেকে পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীরা বলেন, অত্যন্ত সুশৃঙ্খল পরিবেশে আমরা পরীক্ষা দিতে পেরেছি, এখানে সবাই আন্তরিক। পরীক্ষা কেন্দ্রে প্রবেশ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা নানাভাবে সহযোগিতা করেছেন।

পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন শেষে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এস. এম. হাসান তালুকদার জিএসটি ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জ্ঞাপন ও পরবর্তীতে অনুষ্ঠিত পরীক্ষা সফল করতে সবার সহযোগিতা কামনা করেন।